World Environment Day
Volume 03 | June 05, 2023

EQUINOX

BEAT PLASTIC POLLUTION

ANNUAL MAGAZINE
POSTGRADUATE DEPARTMENT OF GEOGRAPHY, KRISHNAGAR GOVERNMENT COLLEGE

EQUINOX

BEAT PLASTIC POLLUTION

Volume 3 | June 05, 2023

Annual Magazine
Postgraduate Department of Geography
Krishnagar Government College

Patron

Dr. Sobhan Niyogi, Officer-in-Charge

Advisors

Dr. Mahuya Chakrabarti, Coordinator (IQAC)
Dr. Kalidas Das, Secretary (Teachers Council)

Editorial Board

Dr. Lila Mahato
Dr. Balai Chandra Das
Dr. Indrita Saha
Dr. Samsul Hoque
Shri. Mehedi Hasan Mondal
Shri. Alok Roy
Dr. Bhaskar Samanta
Smt. Payel Bhattacharya

Abhinaba Dutta, Ramakrishna Mandal (Student, PG 4th Semester)
Pronojit Pramanick (Student, UG 6th Semester)

Cultural Committee

Smt. Sarmistha Das
Dr. Debika Ghosh
Smt. Kaustabi Maitra

Shreya Saha, Sayan Das, Manisha Roy (Student, PG 4th Semester)
Nayan Modak, Sayan Hazra, Pritam Shil, Sounita Biswas (Student, UG 4th Semester)
Soumyajit Bhattacharya (Student, UG 2nd Semester)

Working Committee

All the students of the department
&
Ramchandra Roy

FOREWORD

On the celebration of World Environment Day by the Postgraduate Department of Geography, I have the privilege to cordially welcome you all.

This year, the theme of World Environment Day focuses on 'people's actions on plastic pollution matters' for living sustainably in harmony with nature. The theme urges all communities and individuals to come together to explore sustainable alternatives. The students and teachers in the department enthusiastically volunteer to raise awareness on this special day through various creative expressions. Such an initiative holds enormous significance in the current context.

The e-magazine EQUINOX (Volume 03) is also a reflection of all concerned who being conscious citizens are taking an oath to make our planet Earth safe and secure.

On this day, events like planting the saplings, poster exhibitions, and cultural functions will take place. I do extend my heartfelt wishes to all concerned and to my students for their assistance and sincere dedication for making the programme a grand and meaningful celebration.

Thank you all.

Dr. Lila Mahato,
Associate Professor and Head
Post Graduate Department of Geography,
Krishnagar Government College

Government of West Bengal
Office of the Principal

Krishnagar Government College

Krishnagar, Nadia, PIN - 741101

Phone: 03472-252863/252810 Fax: 03472 252810
Email: kgcollege1846@gmail.com
Website: www.krishnagargovtcollege.org

Memo No.....

Date .....

Message

It is of immense pleasure to know that the Post Graduate Department of Geography, Krishnagar Government College is going to publish the Annual Magazine, **'EQUINOX'** on the eve of celebration of World Environment Day, June 5, 2023. It is heartening to know that our students and teachers are trying to create awareness about various contemporary issues of the surroundings and making efforts to accelerate the action needed for sustainable development and to save our planet Earth. Their endeavour is praiseworthy. I sincerely hope that the essence of the magazine will be perceived appropriately by all. I also wish the success of the celebration of World Environment Day.

02/06/2023

Officer-in-Charge
Krishnagar Govt. College
Krishnagar, Nadia, West Bengal

Officer-in-Charge
Krishnagar Govt. College
Krishnagar, Nadia (W.B.)

Krishnagar Government College

Krishnagar, Nadia

From the desk of the Coordinator, IQAC

(Internal Quality Assurance Cell),

With immense pleasure, I convey my great appreciation to the students and faculty members of the PG Department of Geography for their timely initiative to publish the third edition of 'EQUINOX' to observe world environment day. It is beyond any debate that our quality of life largely depends on the quality of our natural environment. However, many of our actions in daily life led to the degradation of this environment. 'EQUINOX' is an academic platform for spreading awareness about environmental conservation in the face of ever emerging issues of environmental degradation.

I extend my sincere thanks to the Head of the Geography Department, Dr. Lila Mahato for encouraging this endeavour of students and teachers to bring out the third edition of 'EQUINOX'. I congratulate all of them for responding to the need of the hour in this environmentally challenged world of today.

I hope that this edition would create an effective environmental awareness among the readers leading to a more responsible attitude towards environmental protection for the sustainable development of our society.

Mahuya Chakrabarti

Dr. Mahuya Chakrabarti
Coordinator, IQAC, and Associate Professor in Economics
Krishnagar Govt. College, Krishnagar, Nadia

Celebrating
WORLD ENVIRONMENT DAY
JUNE 05, 2023
Post Graduate Department of Geography
in association with
Internal Quality Assurance Cell (IQAC)
Krishnagar Government College, Krishnagar, Nadia
NAAC ACCREDITED 'A' GRADE INSTITUTION
Programme Schedule
*Planting Saplings
*E-magazine inauguration
*Cultural Programme
*Inauguration and Special address
*Poster Exhibition
*Closing
Time: 12-00 noon
Venue : Room No-1, Main Building, Krishnagar Government College

CONTENT

প্রকৃতি ও পরিবেশ, *নম্রতা সাহা, স্নাতক চতুর্থ অর্ধবর্ষ* 3

প্রকৃতির তপ্ত - নিঃশ্বাস, *অর্পণ দে, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ* 4

চির অবহেলিত পরিবেশ, *মোনালিকা বর্মন, স্নাতক চতুর্থ অর্ধবর্ষ* 5

চুক্তির অসাড়তা ও পৃথিবীর আর্তনাদ, *নয়ন মোদক, স্নাতক চতুর্থ অর্ধবর্ষ* 6

সতীশ, *বুদ্ধদেব সাঁতরা, স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ* 9

নবজাগরণ, *নিলুফা পারভিন, স্নাতকোত্তর দ্বিতীয় অর্ধবর্ষ* 10

এক বসুন্ধরা-র আর্তি, *সীমা বিশ্বাস, স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ* 12

পরিযান, *মেহেদী হাসান মন্ডল, সহকারী অধ্যাপক* 12

ধুসর পৃথিবী, *রাকেশ বর্মন, স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ* 13

পরিবেশ, *প্রণজিত প্রামাণিক, স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ* 14

প্রকৃতির সৌন্দর্য্য, *স্বস্তিক মাঝি, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ* 15

শহরের উষ্ণতা, *সৌম্যজীৎ ভট্টাচার্য্য, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ* 15

প্রকৃতির প্রতি মানবশিশু, *কুনাল কর্মকার, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ* 16

পৃথিবীর বিপদ, *সীমা দাস, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ* 17

যেন এক প্রত্যাশা, *রিমি বসাক, স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ* 18

নদী, *সাজিব বিশ্বাস, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ* 18

Unforgettable Heroes, *Sudip Das, UG 4th Semester* 19

Plastic Hazard, *Manisha Roy, PG 4th Semester* 23

Plastic Waste Management in West Bengal, *Abhinaba Dutta, PG 4th Semester* 26

Beautiful Yesterdays, *Sutanuka Roy, UG 4th Semester* 30

Geographic Spaces across Bengali Literature, *Dr. Lila Mahato, Associate Professor* 32

Big - Big Babol, *Dr. Indrita Saha, Assistant Professor* 34

প্রকৃতি ও পরিবেশ

নম্রতা সাহা, স্নাতক চতুর্থ অর্ধবর্ষ

"ধূসর পাংশুল মাঠ, ধেনুগণ যায় ঊর্ধ্বমুখে, ছুটে চলে চাষি। ত্বরিতে নামায় পাল নদীপথে ত্রস্ত তরী যত

তীরপ্রান্তে আসি। পশ্চিমে বিচ্ছিন্ন মেঘে সায়াহ্নের পিঙ্গল আভাস রাঙাইছে আঁখি – বিদ্যুৎ- বিদীর্ণ

শূন্যে ঝাঁকে ঝাঁকে উড়ে চলে যায় উৎকণ্ঠিত পাখি।"

—রবীন্দ্রনাথ ঠাকুর

মানবসভ্যতার একাত্মতা হচ্ছে এই ধরার প্রকৃতি। প্রকৃতি ও মানুষ উভয়ই উভয়ের পরিপূরক। প্রকৃতি ছাড়া যেমন মানুষ বাঁচে না তেমনি মানুষ ছাড়াও প্রকৃতি বাঁচে না। পৃথিবীকে বাঁচিয়ে রাখতে পারে প্রকৃতি ও মানুষের একাত্মতা। প্রকৃতিকে যখন মানুষ আপন করে নেয় তখনই মানুষ প্রকৃতির অত্যন্ত নিকট আত্মীয় হয়ে যায়। তবে প্রকৃতি যতটা শান্ত নিবিড় ও নিঃস্বার্থ মানুষ তার এক টুকরোও না।যখনি মানুষ প্রকৃতির ধ্বংসলীলায় মাতে, বৃক্ষনাশ করে, নদী - সমুদ্রকে দূষিত করে তখন সে সরে যায় প্রকৃতি থেকে অনেক দূরে। মানুষ নিজেই মানুষের ধ্বংস ডেকে আনে, সঙ্গে পৃথিবীরও। প্রকৃতিকে ভালবাসার অর্থ নিজেকেও ভালবাসা। গাছপালা হল প্রকৃতির এক অবিচ্ছেদ্য অংশ। সবুজ উদ্ভিদই কেবলমাত্র নিজেরা নিজেদের খাদ্য তৈরি করতে পারে। সকল প্রাণীই গাছপালার ওপর নির্ভরশীল। গাছপালা থেকে আমরা খাদ্য পাই, ওষুধ পাই, জ্বালানি পাই। গাছ আবার পরিবেশের O_2 - CO_2 এর ভারসাম্য বজায় রাখে। ব্যবসায়িক স্বার্থে মানুষ অরন্যকে ধ্বংস করছে, এর ফলে প্রকৃতির ভারসাম্য হারাচ্ছে । এখন মানুষের বাঁচার একমাত্র উপায় হল প্রচুর সংখ্যক গাছ লাগানো।

ক্ষেত, নদী, বন, পাহাড় ইত্যাদি মানুষের কল্যাণে। প্রকৃতির বিভিন্ন রূপ নিয়ে কবি-লেখকের কত কল্পনা । অনেক কবি- লেখকের লেখায় ধ্বনিত হয়েছে সেই প্রকৃতির রূপরেখা । প্রকৃতির আকাশ বাতাস জলে আনন্দে কত সুন্দর পক্ষীকূল ভেসে বেড়ায়, চরে বেড়ায় নিজস্ব তরঙ্গে। আমাদের বাংলা নদীমাতৃক দেশ। জীবিকার জন্য অনেক মানুষ বেছে নেন নৌকাজীবন ।

সুন্দরবনকে পৃথিবীর বৃহত্তর ম্যানগ্রোভ বলা হয়। এখানকার প্রকৃতির দান নানা বৃক্ষ ও উদ্ভিদে ভরা। রয়েল বেঙ্গল টাইগার আমাদের অহংকার। গাঙ্গেয় মোহনার দ্বীপাঞ্চলের বনভুমি হচ্ছে এই সুন্দরবন।সুন্দরবনের প্রাকৃতিক শোভা উপভোগ করতে প্রতি বছরই অসংখ্য পর্যটক যান সেখানে । দিগন্ত – বিস্তর পাহাড়, সমুদ্রের অফুরন্ত জলরাশি প্রকৃতির অপরূপ দান। কখনও কখনও প্রাকৃতিক বিপর্যয়ে প্রাকৃতিক সৌন্দর্য ভারসাম্য হারায়।ঘূর্ণিঝড়, টর্নেডো, হ্যারিকেন, বন্যা, ভুমিকম্প, উপকূলীয় ভাঙন ইত্যাদির মাধ্যমে প্রাকৃতিক বিপর্যয় যেমন মনুষ্য-জীবনহানি, পশুপাখির প্রাণনাশ, ঘর- বাড়ি ধ্বংস, ফসল ও সম্পত্তি নষ্ট ইত্যাদি মানব জাতির সামাজিক ও অর্থনৈতিক জীবনের গতি স্তব্ধ করে দেয়। তেমনই প্রকৃতিও বিরাট ক্ষতির সম্মুখীন হয়ে থাকে। আবার মনুষ্যসৃষ্ট বা সামাজিকভাবে সৃষ্ট যুদ্ধ, বিশ্বযুদ্ধ কিংবা পারমানবিক যুদ্ধ ইত্যাদি এবং বিভিন্ন প্রাণী থেকে মনুষ্যদেহে সংক্রমিত ভাইরাসজনিত রোগের বিপর্যয়ে মানবজাতির জীবনে নেমে আসে অন্ধকার।

এতে প্রকৃতিও ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়ে পড়ে। প্রাকৃতিক বিপর্যয় সম্পূর্ণভাবে প্রতিহত করা সম্ভব নয়। মানুষকে এধরনের প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখীন হতেই হবে এবং যথাসম্ভব প্রতিহত করার চেষ্টা চালিয়ে যেতে হবে। প্রকৃতির সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত প্রতিটি মানুষের জীবন, প্রাণী ও পক্ষীকুলের জীবন। প্রকৃতিকে ভালোবাসার অর্থ নিজেকেই ভালবাসা। প্রকৃতি না থাকলে মনুষ্য জীবন, পশুপাখির জীবন সংকটে পড়বে। প্রকৃতির সবকিছু আহরণ করেই পৃথিবীর জীবকুলের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত চলতে হয় । তাই আমাদের উচিত প্রকৃতির প্রতি যত্নবান হওয়া, তাকে বাঁচিয়ে রাখা। প্রকৃতি ভালোভাবে বাঁচলে আমরা তার স্বাদ নিতে পারব, বেঁচে থাকতে পারব পরিপূর্ণভাবে।

"প্রকৃতির একটা সূর আছে, অনেকেই তা শুনতে পায়।"

— উইলিয়াম শেক্সপিয়ার

প্রকৃতির তপ্ত - নিঃশ্বাস

অর্পণ দে, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ

আমাদের পারিপার্শ্বিকতাই আমাদের পরিবেশ। তবে এই পরিবেশে মানবসমাজ ছাড়াও যে অপর জীবপ্রজাতির অস্তিত্ব রয়েছে অনেকেই সে সম্পর্কে অলস বা উদাসীন। গুটিকতক কিছু সমাজসচেতক ছাড়া মানুষের কাছে পরিবেশ 'সবসময়ের জন্যই নিশ্চিত' উপাদান রূপে পরিচিত। ঠিক যেমন আলোর আড়ালে অন্ধকার লুকিয়ে থাকে তেমনই এই মঙ্গলময় পরিবেশের বিনাশ হলে যে ভয়ংকর সত্যের সম্মুখীন হতে হবে তা জনগনের একটি বিরাট অংশের কাছে আশাতীত।

সভ্যতার আদিতে মানুষ নিজের অজান্তেই যে পরিবেশদূষণের সূত্রপাত ঘটিয়েছিল সেটি বর্তমানে দানবীয় রূপ ধারণ করেছে। কথায় আছে 'দারিদ্রের কাছে সবকিছুই ক্ষীণ' তাই সেইসময় হয়তো প্রকৃতি-রক্ষা মানুষের কাছে দূরবর্তী বিষয় ছিল কিন্তু বর্তমানেও কেন এখনও সচেতন নয় মানুষ? সে প্রশ্ন অনেকেরই অজানা। মানুষ একাধারে গাছ উচ্ছেদ করে বসতি বাড়িয়েছে তেমনই আজ আকাশের তপ্ত বায়ুর মাঝে শান্তিময় নিশ্বাস রাখার প্রয়াসে সেই গাছকেই খুঁজে বেড়ায় মানুষ। আজকের তারিখে এই সুবিশাল নগরে রোদদগ্ধ শুষ্ক পথে সময়ের পর সময় পেরিয়ে যায় গাছের দেখা মেলে না। গরু, সারমেয় দের স্থানে আজ থাবা বসিয়েছে সুবিশাল প্রযুক্তি। যেন একফোঁটা অক্সিজেন আজ বহুমূল্য। পাখিরাও এখন আকাশে ক্লান্ত, যারা একসময় আকাশকেই তাদের একমাত্র ঠিকানা বলে মনে করত তাদেরকেই আজকে বাঁচার তাগিদে স্থান নিতে হয়েছে মানুষের নীড়ে। প্রকৃতির অভিশাপেই এখন দূর্যোগের ঘনঘাটা। A.C. ,রেফ্রিজারেটর ছাড়া মানুষ আজ বিকল। ঘরে ঘরে এ.সি আর বাইরে গ্রিনহাউস গ্যাস এই নিয়েই গড়ে উঠেছে বর্তমান 'পরিবেশ'।

এরূপ পরিস্থিতিতে 'বিশ্ব পরিবেশ দিবস' (World Environment Day) পালন যে কতটা প্রয়োজনীয় তা বলার অপেক্ষা রাখেনা। হতে পারে এটি আগুনের মাঝে একগ্লাস জলের মতো তবুও তো জল । তাই বিশ্বরক্ষায় আজ সকলকেই ব্রতী হতে হবে। এই পরিবেশ দিবস পালন আজ নতুন নয়, ১৯৮৪ সালের ৫ ই জুন তারিখে সর্বপ্রথম জাতিসংঘের হাত ধরে এই দিবস পালনের সূত্রপাত হয়, তবে সূচনার এত বছর পরেও পরিবেশ সচেতনতা এখনও সুদুরপ্রসারী নয়।

এজন্য পৃথিবীর সবুজকে রক্ষায় 'সুজলাং সুফলাং মলয়জ শীতলম্' মন্ত্রে দীক্ষিত হয়ে ব্যবহারিক করে তুলতে হবে। তবেই বিশ্ব পরিবেশ দিবসের সার্থকতা। তাই সময় এসেছে শুধু মনুষ্য নিশ্বাস নয়, প্রকৃতির *'নিশ্বাস'* রক্ষার।

"প্রথম ফসল গেছে ঘরে,
- হেমন্তের মাঠে – মাঠে ঝরে
শুধু শিশিরের জল;
অঘ্রানের নদীটির শ্বাসে
হিম হয়ে আসে
বাঁশ – পাতা – মরা ঘাস- আকাশের তারা!
বরফের মতো চাঁদ ঢালিছে ফোয়ারা !..."
-- জীবনানন্দ দাশ

চির অবহেলিত পরিবেশ

মোনালিকা বর্মন, স্নাতক চতুর্থ অর্ধবর্ষ

সময়টা ঠিক কোন সময় তা অনুধাবন করা মানবজাতির কাছে অত্যন্ত কষ্টকর একটি বিষয় হলেও,সময়টা খাতায় কলমে নির্ধারণ করা ততটাই সহজ একটি বিষয়। তবুও বলা যায় যে,পৃথিবী সৃষ্টির পরবর্তী সময় থেকেই মানুষ প্রকৃতির মেলবন্ধন সম্পর্কে আমরা সকলেই অবগত। মানুষ ও প্রকৃতির মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজমান, তা বলার অপেক্ষা রাখে না।তবে দিনের পর দিন প্রয়োজন মেটানোর জন্য, নিজেদের চাহিদা পূরণের উদ্দেশ্যে যথেচ্ছভাবে প্রকৃতিকে মানুষ ব্যবহার করে চলেছে। প্রয়োজন ছাড়াই মানুষ ইচ্ছাকৃতভাবে প্রকৃতির বুক চিরতে শুরু করেছে। নগরায়ন থেকে শুরু করে শিল্পায়ন আরও কত কিছুই না গড়ে উঠেছে প্রকৃতির বুকে। প্রকৃতিকে যেন এক নতুন রূপে সাজিয়ে গুছিয়ে তুলেছি আমরা; মানুষেরা। কিন্তু প্রকৃতি কী কখনো এই রূপ ধারণ করতে চেয়েছে নাকি কোনো সময় চেয়েছিল? হয়তো চায়নি। আমরা, মানুষেরা নিজেদের সুবিধার্থে নিজেদের স্বার্থে প্রকৃতিকে এই রূপে সাজিয়ে তুলেছি। কিন্তু; প্রকৃতি কী এর পাল্টা জবাব জানিয়েছে নাকি কোনো প্রতিবাদ করেছে? একবারের জন্যও কী মানবজাতির মনে এই প্রশ্ন জেগেছে! হ্যাঁ, জেগেছে বলেই তো আজ এত আয়োজন, এত সমারোহ। তবে কি এই অনুষ্ঠান, আয়োজন,পরিবেশ দিবস পালন করে প্রকৃতির ঋণ পরিশোধ করতে চাইছি আমরা! এইভাবেই কি দূষণমুক্ত পরিবেশ গড়তে চায় আমরা, মানুষেরা। বলাবাহুল্য এই যে- প্রকৃতির এই বিরাট সম্পদের প্রাচুর্যতা থাকা সত্ত্বেও তা যে মানুষের লালসা, কামনা, বাসনার কাছে খুবই সীমিত, তা আজ প্রমাণিত।

"Earth provides enough to satisfy every man's needs, but not every man's greed"

-Mahatma Gandhi

পরিবেশ সম্পর্কে যারা আজ এত কিছু লিখছে, পড়ছে, জানছে, তারাই তো পরিবেশকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে। তবে এত আয়োজন কিসের? দরকার কি সত্যিই আছে এত কিছুর। সবই তো লোক দেখানো,সবই তো ক্ষণস্থায়ী। বিকল্পের অনুসন্ধান না করে নির্বিচারে গাছ কেটে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করে ক্রমশ হারিয়ে ফেলছি আমাদের যথার্থ বন্ধুকে। তাই সত্যিই যদি পরিবেশকে বাঁচাতে হয় তবে শুধু একদিন নয়, প্রতিটি দিনই হোক বিশ্ব পরিবেশ দিবস। জীবনের প্রতিটি পদক্ষেপে সচেতন থেকে পরিবেশকে রক্ষা করে যেতে হবে।সকলের সম্মিলিত প্রচেষ্টার দ্বারা পরিবেশকে পুনরায় নতুনভাবে সুন্দর করে গড়ে তুলতে হবে।মনে রাখতে হবে। এটি কোনো দায়বদ্ধতার মধ্যে পড়ে না, এটি আমাদের কর্তব্য। তবুও আমরা দিনের পর দিন যে প্রকৃতির কাছে ঋনী হয়ে চলেছি সেই ঋনের বোঝা আজ অসীমে। এই ঋণ পরিশোধ কখনোই সম্ভব নয়। তবুও এতকিছুর পরও পরিবেশ যে চিরকালই চির অবহেলিত তা যে একেবারে সত্য তা নিয়ে কোনো সন্দেহ নেই।

"Care and tend or it will be The End"

পরিবেশ রক্ষা, পরিবেশের প্রতিকার সম্পর্কিত তথ্য হয়তো খাতায়-কলমে লিখে শেষ করা যাবে না, অথবা কোনো অনুষ্ঠান বা দিন পালনের মাধ্যমে কখনো তা সম্ভব নয়। এই রচনাটিও কোনো বাক্য দ্বারা পরিসমাপ্ত করা সম্ভব নয়। তাই রচনাটি শেষ হয়েও হইল না শেষ।

"অন্ধ ভূমিগর্ভ হতে শুনেছিলে সূর্যের আহ্বান
প্রাণের প্রথম জাগরণে, তুমি বৃক্ষ, আদিপ্রাণ;
ঊর্ধ্বশীর্ষে উচ্চারিলে আলোকের প্রথম বন্দনা
ছন্দোহীন পাষাণের বক্ষ-'পরে; আনিলে বেদনা
নিঃসাড় নিষ্ঠুর মরুস্থলে।"

--রবীন্দ্রনাথ ঠাকুর

চুক্তির অসাড়তা ও পৃথিবীর আর্তনাদ

নয়ন মোদক,স্নাতক চতুর্থ অর্ধবর্ষ

প্রখ্যাত চলচ্চিত্রকার ঋত্বিক ঘটকের '*মেঘে ঢাকা তারা*' র সেই হৃদয়ভেদী সংলাপ দাদা আমি বাঁচতে চাই যেন আজ পৃথিবীর অন্দরমহল থেকে করুন স্বরে ভেসে আসছে। আমরা কি কেউ সেই করুন আর্তনাদ শুনতে পাচ্ছি ? ছুটে আসতে চাইছি কি আমাদের এই অবশ্যম্ভাবী ফুরিয়ে যাওয়া থেকে, পৃথিবী তথা নিজেদের অস্তিত্বকে বাঁচাতে ? আমরা আসলে জেগে ঘুমোচ্ছি, যেন বুঝেও বুঝছি না।

প্রায় সমস্ত ভূগোলবিদ, ভগোলের ছাত্রছাত্রী ও পরিবেশ অনুরাগী প্রায় সব মানুষের কাছেই আবহাওয়ার খামখেয়ালীপনা আজকাল একটু সচেতনভাবেই ধরা পড়ে। বর্তমানে প্রায় প্রাথমিক স্তর থেকেই স্নাতক এমনকি স্নাতোকত্তর বিভাগ পর্যন্ত ভূগোল ও পরিবেশ সংক্রান্ত পাঠ্য বইগুলিতে জলবায়ুর পরিবর্তন অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়াও পরিবেশবিদরা বৃহত্তর স্বার্থে পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য পরিবেশ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে নজর রাখেন। এর বাইরেও আপমর সাধারণ মানুষ তত্ত্ব-তথ্যের বেড়াজালের বাইরে গিয়ে প্রকৃতি বদলের বিরূপ প্রভাব অনুভব করেন। আদিম মানুষ প্রথম যেদিন জ্ঞানবৃক্ষের ফল খেয়ে পাথর ঘষে আগুন জ্বালিয়েছিল সেদিন থেকেই উদীয়মান সভ্যতা অস্তাচলের পথ ধরেছিল এবং সবার অলক্ষ্যে একইসাথে ভূমিষ্ঠ হয়েছিল দূষণ নামক দৈত্যটিও। তারপর থেকেই তার দীর্ঘশ্বাসের মধ্য দিয়ে বেরিয়ে আসছে CO_2, SO_2, CH_4, CFC-র মতো বিষাক্ত গ্যাসগুলি, যা এস্ত করে তুলেছে মানবজীবনকে বদলে দিচ্ছে ঋতুচক্রকে। এভাবে চলতে থাকলে আমরা একদিন শীত, গ্রীষ্মের, বর্ষার বদলটাই ভুলে যাব, ভুলে যাব ষড়ঋতুকে। আবহাওয়ার অনুকূল পরিবেষ্টনীতে মানব সমাজ একদিন তার জীবনযাত্রা শুরু করেছিল। কিন্তু এই তথাকথিত শিক্ষিত মানব সমাজের প্রকৃতিকে জয় করবার কৃতিত্ব ও সম্পদ লাভের উদ্দেশ্যে মাত্রাহীন হয়ে প্রকৃতির পরিবেশকে সে ধ্বংস করেই চলেছে। এটা মানব সভ্যতার এক চরম পরিহাস। আজ পরিবেশ রক্ষার তাগিদে উন্নত ও উন্নয়নশীল দেশগুলির একই অবস্থা- গ্রীন হাউস গ্যাস উৎপাদন কমালে সভ্যতার ঢাকা বিলম্বিত হবে। আবার বর্তমান সভ্যতার ধারাকে বজায় রাখতে চাইলে পৃথিবীর ধ্বংস ত্বরান্বিত হবে, কাকে বেছে নেবো আমরা? নাকি উভয়কে নিয়েই চলতে হবে ?

সেইজন্য দরকার নিরবচ্ছিন্ন ও স্থিতিশীল উন্নয়ন তার রক্ষাকবচ স্বরূপ পরিবেশ বাচাতে জলবায়ুর পরিবর্তন রুখতে বেশ কিছু চুক্তি পৃথিবীর বিভিন্ন দেশগুলির মধ্যে সম্পাদিত হয়েছে। যাদের বাস্তবায়ন ঘটাতে পারলে পরিবেশ দূষণ, বিশ্ব উষ্ণায়ন, জৈব-বৈচিত্রা ধংসের হাত থেকে ও অনভিপ্রেত প্রাকৃতিক বিপর্যয়ের কবল থেকে পৃথিবীকে অনেকাংশেই রক্ষা করা যেত। উদাহরণ স্বরূপ কয়েকটি প্রচেষ্টার ফল-পরিবেশ সম্পর্কিত চুক্তির বিষয় নিয়ে পর্যালোচনা করে নেওয়া যাক।

১। জেনেভা সম্মেলন: সম্ভবত বিশ্বের জলবায়ু পরিবর্তন সম্পর্কিত এটিই প্রথম আন্তর্জাতিক সম্মেলন যা ১৭৭৯সালের ১২-১৩ ফেব্রুয়ারী সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত হয়েছিল, সম্মেলনের মূল উপপাদ্যগুলি মানলে বায়ুদূষণকে কমানো যেত। কিন্তু অংশগ্রহনকারী দেশগুলি দূষণ প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেনি।

২। মন্ট্রিল প্রোটোকল: কানাডার মন্ট্রিল শহরে ১৯৮৭ সালের ২৬শে আগষ্ট **মাট্রল** প্রোটোকল সম্পাদিত হয়। এটি কার্যকর হয় ১৯৮১-এর ১লা জানুয়ারী থেকে। এরপর আরও ৮টি পরিবেশ সম্মেলনে গ্রীন হাউস গ্যাস নিঃসরন কমিয়ে ওজন গহ্বর কমানো। এর কিছুটা বাস্তবায়নের ফলে আন্টার্কটিকায় ওজন গহ্বরের মাত্রা কমেছে। এরপর আবার ১৯৮৯ সালে এটি পুনরায় উত্থাপিত হলে ১৬ই সেপ্টম্বরকে আন্তর্জাতিক ওজোন সুরক্ষা দিবস হিসাবে ঘোষণা করা হয়।

৩ | বসুন্ধরা সম্মেলন: ১৯৯২-এ ব্রাজিলের রিও-ডি-জেনিরো শহরে পরিবেশ উন্নয়ন সম্মেলনে ২১ দফা কর্মসূচী গ্রহন করা হয়। তাদের মধ্যে উল্লেখযোগ্য হল- দূষণ নিয়ন্ত্রণ, জৈব প্রযুক্তির ব্যবহার, বহতা উন্নয়ন অর্থাৎ সম্পদের সুস্থ ব্যবহারের মাধ্যমে ভবিষ্যত পৃথিবীকে সুরক্ষিত রাখা।

৪। কিয়োটো প্রোটোকল: ১৯৯৭ সালের ১১ই ডিসেম্বর জাপানের কিয়োটোতে তৃতীয় বসুন্ধরা সম্মেলন হয়। এই সম্মেলন ঠিক করা হয় ৩৭টি শিল্পোন্নত দেশ ও ইউরোপীয় দেশগুলি ১৯৯০ সালের গ্রীনহাউস গ্যাসের নিঃসরনের মাত্রা ৫% নিঃসরন করতে পারবে এবং উন্নয়নশীল দেশগুলির ক্ষেত্রে এই পরিমান একটু বেশী হতে পারে, এই সময় থেকেই কার্বন-ট্রেডিং এবং কার্বন-ক্রেডিট পদ্ধতির মাধ্যমে উন্নত দেশগুলির পরিবেশ রক্ষার্থে রাষ্ট্রপুঞ্জের মাধ্যমে অর্থনৈতিকভাবে সাহায্য করবে।-পরিবেশ সম্পর্কিত চুক্তির বিষয় নিয়ে পর্যালোচনা করে নেওয়া যাক।

৫। প্যারিস চুক্তি: ২০১১ সালে ডারবান এবং ২০১২ সালে দোহা চুক্তি সম্পাদনের পর ২০১৫ সালে প্যারিস চুক্তি সম্পাদিত হয়। যার মূল বিষয় ছিল পৃথিবীর গড় তাপমাত্রা আর কোন অবস্থাতেই ২ডিগ্রী সেন্টিহোডের বেশি বৃদ্ধি হতে দেওয়া যাবে না। ২০৩০-২০৫০ সালের মধ্যে গ্রীন হাউস গ্যাসের নিঃসরনের মাত্রা শূন্যে নামিয়ে আনার কথাও বলা হয়।

৬। টরেন্টো চুক্তি: ১৯৮৮ সালে কানাডার টরেন্টো শহরে বিশ্ব পরিবেশ সম্মেলনে আন্তর্জাতিক মানের চুক্তি হয়, যেখানে প্রতিটি দেশকে তার উন্নয়নশীলতার গুরুত্ব ও গতি বিচার করে আনুমানিক হারে কার্বন নিঃসরনের মাত্রা কমানোর কথা বলা হয়।

উপরিউক্ত চুক্তি সম্মেলন ছাড়াও পরবর্তী সময়ে স্বাক্ষরিত হয়েছে এমন বহু সম্মেলনও আছে তবে প্রসঙ্গত উল্লেখযোগ্য এই পরিবেশ সম্মেলনগুলি **United Nations Convention on Climate Change**-এর যৌথ সহযোগিতায় অনুষ্ঠিত হয়। বলাই বাহুল্য এই চুক্তিগুলির সারবত্তা যাই হোক, এগুলির বাস্তবায়ন যে খাতা-কলমেই সীমাবদ্ধ তা আর বলার অপেক্ষা রাখে না। এ প্রসঙ্গেও আমাদের সেই সর্বকালের শ্রেষ্ঠ পরিবেশবিদ ও শিক্ষাবিদ রবীন্দ্রনাথ ঠাকুরের কথাই মনে আসে। "অসন্তোষের কারণ" প্রবন্ধে তিনি বলেছিলেন 'শিক্ষাকে আমরা বহন করিয়াই চলিলাম, বাহন করিলাম না।' ঠিক সেই ভাবেই অনেক চুক্তি পরিবেশ সম্মেলনেই আবদ্ধ হয়ে থেকেছে, যার কোনো প্রয়োগিক সুফল পরিবেশ পায়নি। পরিবেশ সম্মেলনে শীততাপ নিয়ন্ত্রিত ঘরে বসে CFC গ্যাস নিঃসরন করে গ্রীন হাউস গ্যাস নিঃসরন কমাতে বলছে। "এহেন কালীদাসের' ডালে বসে সেই ডাল কাটবার মতো অবস্থান। আমরা অর্থাৎ ভারতের মতো উন্নত দেশ সুদূর ভবিষ্যতেও তাপবিদ্যুৎ উৎপাদন কম করে অপ্রচলিত বিদ্যুৎ শক্তি উৎপাদনে মনোনিবেশ করতে পারবে কিনা সন্দেহ থেকেই যায়। আমরা মুখে বলি 'পরিকাঠামোর অভাব" আসলে মানসিক পরিকাঠামোই আমরা এখনো তৈরি করতে পারছি না। আমরা পরিবেশ সচেতন মানুষেরা হৈ হৈ করে **৫ই জুন 'বিশ্ব পরিবেশ দিবস', ২২শে এপ্রিল 'বসুন্ধরা দিবস'** পালন করে পরিবেশ রক্ষা করতে চাই, দুটো

বৃক্ষরোপন করি কিন্তু পরক্ষনে সত্যিই আমরা খোঁজ রাখি সেই চারগাছ দুটির কি হল? বরং প্রতিনিয়তই আমাদের বিভিন্ন কাজকর্মের মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বিশ্ব প্রকৃতিকে ধ্বংসের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছি।

মুমূর্ষু পৃথিবী যখন বলছে **"দাদা আমি বাঁচতে চাই"**এই দাদা কিছু শিল্পোন্নত সকল অর্থনীতির দেশগুলি, যা গ্রীন হাউস গ্যাসের নিঃসরন সবচেয়ে বেশি করে, জলবায়ুর পরিবর্তন ঘটাচ্ছে অথচ পৃথিবী তথা ধরিত্রী মাতার কাতর উক্তিতে সাজা দিচ্ছে না। সবশেষে কলাতেই হয় আগামী পৃথিবীর ভাগ্য যাদের হাতে, সেই যুবসমাজ যদি এখন থেকেই বিপন্ন, বিকর্ণ, ক্ষয়িষ্ণু পৃথিবীর অবস্থান বুঝতে না পেরে নিজেদের মতো বাস্তুতান্ত্রিক ভারসাম্য বজায় রাখতে না পারে তবে মানব সভ্যতার বাঁচার পথ রুদ্ধ হয়ে যাবে। সমাজের সর্বস্তরের সকল মানুষ যদি পরিবেশের গুরুত্ব সম্পর্কে আনতিবিলম্বে সচেতন না হয়, তাহলে এই উদ্দেশ্যে অধরাই থেকে যাবে। সর্বোপরি পরিবেশ সম্পর্কে নিজেদের মূল্যবোধকে গড়ে তুলতে হবে দৃঢ়ভাবে, তবেই হয়তো আমরা আবার **'ধন-ধান্য-পুষ্প ভরা বসুন্ধরা"**-কে **দূষণের বিষবাষ্পহীন, নির্মলরূপে** ফিরে পাবো এবং সেটাই হবে ধরিত্রীর বুকে মানব সভ্যতার ধারক ও বাহক এর প্রতি মানুষের শ্রদ্ধার শ্রেষ্ঠ অর্ঘ্য। এভাবেই তো সেই **কিশোর কবির** সেই প্রত্যাশা সার্থক হতে পারে-

"প্রাণপনে পৃথিবীর সরাব জঞ্জাল

এই বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি

নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।"

অথবা বিখ্যাত পরিবেশবিদ **John James Audubon**-এর কথায়-

"A true conservationist is a man who know that the would is not given by his fathers, but borrowed from his children."

"But man is part of nature, and his war against nature is inevitably a war against himself."

--- Rachel Carson

সতীশ

বুদ্ধদেব সাঁতরা, স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ

সতীশের ছোটোবেলাটা একটু অন্যরকম কেটেছে। সে ছিল অত্যন্ত লাজুক আর অল্প ভীতু। তাই অতি সাধারণ কিছু কিছু বিষয়ও তার কাছে অনেক সমস্যাজনক ও কঠিন মনে হতো। ছোটবেলায় তার খেলার সাথীও ছিল কম সংখ্যক।

তখনকার সেই দিনটার কথা এখনও ঝাপসা মনে আছে তার। দীপ্তির সঙ্গে পলাশদের বাগানে সেই তেতুঁল আনতে গিয়ে বাড়ি ফেরার পথে রাস্তার ধার থেকে সে তুলে এনেছিল সেই কৃষ্ণচূড়া গাছের চারাটা। সেদিন দীপ্তির যথেষ্ট মন খারাপ হয়েছিল ও কোনো চারা গাছ পায়নি বলে। মজার ব্যাপারটা হলো সেদিন দীপ্তির মা দীপ্তির গোঁ ধরা কান্নায় বিরক্ত হয়ে সতীশদের বাড়িতে এসে ওকে বলে গিয়েছিল –" যেখান থেকে পারিস আমাদের দিপুকে একটা চারা এনে দে, নাহলে ও আর চুপ করবে না।" বাড়িতে এনে বড়ো উঠোনের এককোনে বসিয়ে দিয়েছিল চারা গাছটাকে। বাড়িতে সেদিন দিদির সঙ্গে ঝামেলাও হয়েছিল, ওর ফুল গাছের কাছে গাছটা যাতে না পোঁতা হয় তাই নিয়ে। তারপর গাছটা ধীরে ধীরে বেড়ে উঠলো। তারপর যখন সেই গাছে তেতুঁল ধরার বদলে কৃষ্ণচূড়ার লাল রং দেখা দিল তখন সতীশের কাছে পরিষ্কার হলো এটা তেতুঁল গাছ নয় এটা হলো কোনো এক ফুল গাছ, তখনও সে ওই ফুল বা গাছের নাম সঠিকভাবে জানতো না।

এখন সেই ছোট্ট সতীশ একজন কলেজের প্রফেসর হয়েছে। না এখন আর ওর চরিত্রে বা স্বভাবে ছোটো বেলার সেই বৈশিষ্ট্যগুলো নেই, যুক্ত হয়েছে আদর্শবোধ, মূল্যবোধ, নৈতিক জ্ঞান আরও অনেক ভালো গুণ; সে হয়ে উঠেছে অনেকেরই আদর্শ একজন। আর তার পাখিদের সম্পর্কে বিশেষ আগ্রহ রয়েছে এবং পাখিদের বিভিন্ন বিষয় সম্পর্কে তার জানতে ইচ্ছে হয় খুব। তাই বিভিন্ন পাখিদেরকে সে গভীরভাবে পর্যবেক্ষণ করে ও সেই তথ্য সে লিখে রাখে। দেশের বিভিন্ন স্যাংচুয়ারিতে ভ্রমণও করেছে সে। তাকে একজন পক্ষী আচরণবিজ্ঞানী বলা চলে।

সতীশ মা-বাবার প্রতি সব দায়িত্ব কর্তব্য ভালো ভাবে পালন করেছে। শুধুমাত্র একটি মাত্র বিষয়ে তাদেরকে নিরাশ করেছে।

মা বলে – " বরুণ বিয়ে করে দুই ছেলের বাবা হয়ে গেল, আর তোকে এতকরে বলেও বিয়ের জন্যে রাজিই করাতে পারলাম না। কি যে সব চিন্তাভাবনা নিয়ে থাকিস তুই, বৌমা নাতি-নাতনির মুখ না দেখেই আমাদের চোখ বুঝতে হবে দেখছি।"

সতীশ – " কেনো বৃথা চেষ্টা করো মা? আমি তো জানিয়েই দিয়েছি ওসব বিয়ে করে সংসার করা আমার পক্ষে সম্ভব নয়। আমি জীবনটাকে একটু অন্যভাবে কাটাতে চাই, সেখানে বিয়ে করাটা জরুরী নয়।"

সতীশের ভাবনায় এই পৃথিবীটা একটা জেলখানার চেয়ে বেশি কিছু নয়। তাই সে সাংসারিক জীবনে আবদ্ধ হয়ে কোনো নতুন সদস্যকে এই জেলখানায় নিয়ে এসে কষ্ট দিতে চাই না। তাছাড়া ভারতের মত অতিরিক্ত জনঘনত্বের চাপে দূষিত পরিবেশের কথা ভাবার জন্য লোকেদেরও খুব দরকার রয়েছে। তাই সে তাদেরই অংশ হতে চাই, সেটা হোক বা বিশাল মরুভূমিতে একফোঁটা বৃষ্টির স্বরূপ। নিজেকে একজন পরিবেশ সচেতন ব্যক্তি হিসেবে ভাবতে তার ভালো লাগে।

কেটে গেছে অনেক সময়, বয়স পৌঁছেছে আশির ঘরের এক সংখ্যায়। কখনো কখনো সতীশের মনে হয়েছে – " আমি কি ভীষণ একা? কখনো কি একাকিত্ব পুরোপুরি গ্রাস করবে আমায়?" এই প্রশ্নগুলোর হাজারো উত্তর সে খুঁজে নিয়েছে, সে মনে মনে বলেছে –" আচ্ছা আমার সেই কৃষ্ণচূড়া গাছটা কি এতগুলো বছর সেই ফাঁকা বাড়িতে একাকী দিন কাটাইনি? বৃদ্ধাশ্রমে বরুণ কি অনেক সমবয়সীর ভিড়ে একাকিত্ব অনুভব করেনি? রাস্তার পাগলটা কি একা নয়?"

আসলে বিশ্ব সংসারে সব কিছুই সাপেক্ষ, কোনো কিছুই নিরপেক্ষ নয় – এটাই মানে সে।

কয়েকদিন থেকেই তার সেই পৈতৃক ভিটের বন্ধুসম সেই কৃষ্ণচূড়া গাছটার কথা বিশেষভাবে মনে পড়ছিল। সেইজন্য সে উদ্যোগ নিয়ে বেরিয়ে পড়লো সেই গন্তব্যের উদ্দেশ্যে। যেতে যেতে তার মনে পড়ছিল গাছটা কি এখনও আছে? সেখানে কি এখনও বউ কথা কও এর মিষ্টি সুর ধ্বনিত হয়? সেখানে পৌঁছে সে দেখে সেই গাছ আর নেই কিন্তু তার দুটি অপত্য তাদের বৃহৎ আকার নিয়ে দাঁড়িয়ে রয়েছে। গ্রীষ্মের মেঘমুক্ত আকাশের তীব্র রোদে আর এতটা পথ পেরিয়ে এসে সতীশ অত্যন্ত ক্লান্ত হয়ে পড়ে। এক নাম না জানা গাছের ছায়ায় একটা মোটা শিকড়ে বসে পড়ে। তারপর কিছুক্ষণ সে গাছ আলো করে থাকা কৃষ্ণচূড়ার স্নিগ্ধ সৌন্দর্যের মুগ্ধতা অনুভব করে। এর অল্প সময় পরেই সতীশের শেষ নিশ্বাস জিজ্ঞাসা চিহ্ন স্বরূপ নির্গত হয় –" এই মূহূর্তটার পরবর্তী সময়ে আমি কি, যে কোনো বরুণের থেকে কোনো অংশে পিছিয়ে থাকবো?"

গাছের সমস্ত ফুল, সমস্ত পাতা একবাক্যে বলে ওঠে – " তুমি এইসব তুলনার অনেক উর্ধ্বে! তুমিই শ্রেষ্ট! তুমিই অনন্য!"

নবজাগরণ

নিলুফা পারভিন, স্নাতকোত্তর দ্বিতীয় অর্ধবর্ষ

"…….আলো চাই, চাই মুক্ত বায়ু
চাই বল, চাই স্বাস্থ্য আনন্দ উজ্জ্বল পরমায়ু।।"

আধুনিক পৃথিবীর কোটি কোটি মানুষ আজ এই প্রশ্ন তুলেছে মানবতার আদালতে । বিচার চাইছে তাদের, যারা ' সুন্দর কুসুমিত ' পৃথিবীকে দূষণের অন্ধকারে ঠেলে দিয়েছে । তথাকথিত শিক্ষিত মানুষরাই স্বজ্ঞানে এই কাজ করে চলেছে ।

যে পৃথিবীতে একসময় সকলে সুস্বাস্থ্য, সবল শরীর নিয়ে দীর্ঘদিন বেঁচে থাকত, সেখানে আজ আমাদের পরিষ্কার মুক্ত বায়ু পাওয়া মুশকিল হয়ে পড়েছে। বর্তমানে জলকে ফিল্টার করে আর বেঁচে থাকার জন্য নানা রকম ওষুধের উপর নির্ভর থাকতে হচ্ছে । বর্তমান সময়ে দাঁড়িয়ে একবার পিছন ফিরে তাকালে আমরা বুঝতে পারবো উন্নতির চরম শিখরে পৌঁছাতে গিয়ে প্রকৃতির উপাদান গুলিকে আমরা স্বার্থপরের মত বলি দিয়ে এসেছি। পৃথিবীর একভাগ স্থল আর তিনভাগ জল আর তার পুরোটাই ছিল অরণ্য দ্বারা আবৃত।

জন্ম থেকে মৃত্যু পর্যন্ত আমরা বৃক্ষ - অরণ্য লতার জগতের সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িত । অরণ্যের ভারেই ধরিত্রীর প্রথম ঘুম ভেঙে ছিল । এই অরণ্যেই মানুষ অনুসন্ধান করেছিল জীবনের রসদ। আশ্রয় থেকে মারণ রোগের ভেষজ উদ্ভিদের আবিষ্কার সবই এই অরণ্যের বুকেই জেগে উঠে ছিল। অতীতে যে পরিমাণ অরণ্যের সংস্পর্শে ছিলাম তার অধিকাংশই আজ বিলুপ্তি হয়েছে। বর্তমানে বিলাস বহুল আবাসন, উড়ালপুল সহ চওড়া রাস্তা, স্টেডিয়াম এছাড়াও আসবাবপত্র, কাগজ, বিভিন্ন কারখানার কাঁচামাল ইত্যাদি আরো কারণের জন্য অরণ্যের হ্রাস ঘটে চলেছে।

শ্যামলের ঐশ্বর্য হারিয়ে মাটি হয়ে উঠেছে ধূসর ।অরণ্য যা চিরাচরিত ভাবে পৃথিবীর বুকে জড়িত তার ধ্বংসের আর্তনাদ সারা পৃথিবীকে শিহরিত করে। যার ফল স্বরূপ প্রাকৃতিক দূর্যোগ অভিশাপ হয়ে নেমে আসে মানব জাতির কাছে। পশু পাখিরা গৃহহীন হয়ে পড়েছে।বাতাসে অক্সিজেনের মাত্রা কমে যাচ্ছে । বৃষ্টিপাতের মাত্রা কমে যাচ্ছে বাসভূমি যেনো মরুভূমিতে পরিণত পাচ্ছে। মানব কল্যানে অরণ্য নিজেকে উজাড় করে দিয়েছে তার পরিবর্তে আজ মানুষ তাকে বিপদমুখী করে দিয়েছে ।

এটাই কি প্রাপ্য ছিল তার? প্রযুক্তির সাথে তাল মেলাতে গিয়ে আজ আমরা নিজেদের ভিতকে ভুলে যাচ্ছি।

"জেগে উঠেছিলাম অন্ধকারে
সমতলে কিংবা পাহাড়ে
জীবন দ্বীপ নিভতে চলেছে
আশা ছেড়েছি ! কে বলেছে ?"

অরণ্য ধ্বংসের ভয়াবহ পরিণতিতে মানুষ আজ ভীত সন্ত্রস্ত। সর্বগ্রাসী মানুষ জাতি বুঝতে পেরেছে অরণ্যের মূল্য। তাই আজ দেওয়ালে পিঠ ঠেকে যাওয়ার পর ঘুরে দাঁড়িয়েছে অরণ্যের রক্ষার্থে। নতুন নতুন বৃক্ষ রোপন এর মধ্যে দিয়েই আমাদের আবার জীবনে বৃক্ষের প্রভাব ফিরিয়ে আনতে হবে। ' অরণ্য ধ্বংস নয়, অরণ্য সংরক্ষণ ও সম্প্রসারণ ' কেই মূলমন্ত্র করে তুলতে হবে । যুব সমাজ কে এই বিষয়ে বিশেষ সতর্ক ও দায়িত্বশীল হতে হবে। আমরাই দেশের ভবিষ্যত তাই, ভবিষ্যত সুন্দর করতে নিজেদের এখন থেকেই সতর্ক থাকতে হবে। বৃক্ষের বিকল্প উপাদানের ব্যাবহার বাড়াতে হবে।

ঋষি কবি রবীন্দ্র নাথ ঠাকুর প্রথম আধুনিক মানুষ যিনি মানব জীবনে অরণ্যের মূল্য টিকে অনুধাবন করতে পেরেছিলেন ।তিনি শান্তিনিকেতনে নৃত্য গীতের মধ্যে দিয়ে আনন্দময় বৃক্ষ রোপণ উৎসবের মর্যাদা দিয়েছিলেন।

মায়ের কোল যেমন সন্তানকে সর্বোচ্চ সুখ, শান্তি দেয় ...অরণ্য ঔ তার ব্যাতিক্রম নয় । অরণ্যের শান্ত, সুন্দর প্রকৃতির মধ্যে মানুষ প্রাণ খুলে প্রশ্বাস নিতে পারে । নিজের ক্লান্তি ঝেড়ে ফেলে দিতে পারে।

দূষণের অক্টোপাস আজ আষ্টে পৃষ্ঠে বেঁধে ফেলেছে ।আর তার মুক্তির পথের চাবি হলো অরণ্য ।বৃক্ষ রোপণের মাধ্যমে আমরা অরণ্যের হ্রাস কমাতে পারি। রুক্ষ, মরুময় পৃথিবীকে পুনরায় প্রানোজ্জ্বল, শ্যামলং করে তুলতে পারি ।

"হে নব সভ্যতা, হে নিষ্ঠুর সর্বগ্রাসী
দাও ফিরিয়ে সে অরণ্য,
পূণ্য ছায়ারাশি ।।"

এক বসুন্ধরা-র আর্তি

সীমা বিশ্বাস, স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ

গাছটা পড়ে আছে মৃত মেয়েটার মতো

আমি দেখলাম...

গাছটার গায়ে এখনও কুড়ুলের আঘাত, ঠিক যেমন মেয়েটার গায়ে অসংখ্য নখের আঁচড়

আমি দেখলাম

পাশের গাছটা তার ডালপালা বাড়িয়ে দিয়েছে আমার দিকে

যেন কোনো অসহায় বাবা বিচার চাইছে চোখের জলের করুণতায়

আমি দেখছি....

গাছটার হাজার বর্ষ বলয়ে যেন জিজ্ঞাসা- কি ক্ষতি করেছিলাম আমি?

আমি দেখলাম...

গাছ টা পরিত্যক্ত হলো, মেয়েটাও ধীরে ধীরে মিলিয়ে গেলো।

একটা বসুন্ধরা অস্তমিত হলো

আমি সবটাই খালি দেখলাম

আর অপেক্ষা করতে থাকলাম, চোরের সিঁধ কেটে আমার ঘরে ঢোকার,

প্রকৃতিদেবী হাসলেন অলক্ষ্যে...

পরিযান

মেহেদী হাসান মন্ডল, সহকারী অধ্যাপক

রাতের শেষ ভাগে যখন ঘুমিয়েছে প্রান্তর,
শীত এ ক্লান্ত পরিযায়ী পাখি একা,
দলছুট হয়ে নেমে এলো, জলঙ্গীর ধারে।
নদী যেখানে থেমে গেছে, ইঁট আর বালির ভারে।

গতবার ঠিক এইখানেই, পরিজনের কোলাহলে
উষ্ণ হয়েছিলো, রেখেছিলো এক টুকরো পিছুটান।
তাই তো নেমে এলো পাখি, চেনা মুখের আশায়
জং পড়লো ডানায় যখন খিদে,শীত আর তেষ্টায়।

"তোমরা কোথায় ? আমি আবার এসেছি...."
চলে গেছে সব চেনামুখ, শূন্য হয়েছে প্রান্তর।
পাখির চিৎকার "খাবার দাও, আমি বাঁচতে চাই।"
শোনেনি সে ডাক কেউ, মরে গেছে নদী আজ হায়!

আরো কিছু পর, শক্তির যখন হলো ক্ষয়
হাঁ করা মুখ খানি আকাশের পানে,থেমে গেলো..
চিবুক বেয়ে নেমে এলো স্বপ্ন, ঘরে ফেরার গান,
দূর পাহাড়ে তালাবের ধারে সবুজ প্রান্তরের টান।

বর্ষণ মুখর সন্ধ্যায় পথ ভুলে আজ তুমি নদী!
কঙ্কালসার হিংস্র রূপ ফুটেছে, ফুটেছে দৈনতা ও
জোটেনি একমুঠো স্বপ্ন সাতটা-দশটার কাজের পরে
উষ্ণতা যা ছিলো, হারিয়েছ গতো চারশো বছরে।

নির্বাক,স্থবির,ইঁট বালি কাঠের হে মহানগর
দিন শেষে, ভাটির গান এ ফেরার আজি
উজ্জ্বলতা কে বিকিয়েছো কোন নিশ্চলতায় ?
পাইনি তো খুঁজে রূপকথাকে, এ শহর কলকাতায়!

ধুসর পৃথিবী

রাকেশ বর্মন, স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ

প্রাণস্পন্দিত সবুজ পৃথিবী,শ্যামল বসুন্ধরা
নানা রকম রঙিন ফুলের সুগন্ধেতে ভরা।
হেথায় ছিল শান্তিময় এক মনোরম আবহাওয়া
সকালসন্ধ্যে গাছের শাখে পাখিদের গান গাওয়া।
সত্যি বলছি নয়কো মোটেই মনের কল্পনা
রবির কিরণ সবুজ ঘাসে এঁকে যেত আলপনা।
শান্তিতে হেথা বাস করত বনের পশু পাখি
সন্ধে হলেই শুরু হয়ে যেত ঝিঁঝিঁদের ডাকাডাকি।
রাত্রি হলেই শশীর আলোয় অন্ধকার হতো দূর
জ্যোৎস্না ভরা রাতের সেই দৃশ্য ছিল মধুর।
ভূমির ওপর নানা নদী বয়ে যেত আঁকাবাঁকা
সবুজের উপর আঁকা যেন রুপোলি রেখা।
দিন কাটছিল প্রকৃতির আপন মন মাতানো ছন্দে
সৌন্দর্য যেন ছড়িয়েছিল প্রকৃতির প্রতি রন্ধ্রে।
হঠাৎ হেথায় নেমে এল আশঙ্কার এক ঢেউ
পৃথিবীর বুকে জন্ম নিল মানুষ নামে কেউ।
প্রকৃতি মা পালনপোষণ করল অসীম স্নেহে
সেই স্নেহ থেকে মনুষ্যপ্রজাতি শক্তি জোগালো দেহে।
মানুষ ক্রমে বুদ্ধি পেল, হল শক্তির অধিকারী
প্রকৃতির ওপর অত্যাচারের শুরু হলো বাড়াবাড়ি।
মানুষ তার দানবিক পায়ে মাড়িয়ে বনস্পতি
গড়ে তুলল শহর-নগর করে প্রকৃতির ক্ষতি।
ধ্বংস করার কাজে মানুষ অনেক পরিশ্রমী
পরিশ্রম করে গড়ে তুলেছে আজ পাথরের মরুভূমি।
রুপোলী রেখা নেই হেথা আজ হয়ে গেছে সে কালো
অনেক আগেই ক্ষীণ হয়ে গেছে আকাশে তারার আলো।
প্রকৃতি মায়ের প্রিয় সন্তান আজ হয়ে গেছে পর
পৃথিবীর উপর ডেকেছে তারা ধ্বংসের কালো ঝড়।
অপেক্ষায় আছি, ভবিষ্যতে এই কালো ঝড় থামার
কোনদিন হয়তো ধূসর পৃথিবী সবুজ হবে আবার।

পরিবেশ

প্রণজিত প্রামাণিক, স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ

পরিবেশ , তোমার ওপর নির্ভর শতকোটি

তুমি আমার শক্তি ।।

পরিবেশ , তুমি কতো জনের কতো আশা

তুমি আমার ভালোবাসা ।।

পরিবেশ , তোমায় ধ্বংস করে কতজন

তুমিই সবার আপন জন ।।

পরিবেশ , তুমি কতো পশুপাখির ঘর

হবে কি তুমি আমার আশ্রয় স্থল।।

পরিবেশ , তুমি ছিলে আছো থাকবে

তুমি কি আমার পাশে থাকবে ??

পরিবেশ , তুমি আমাদের কারণে কেঁদেছো

আবার আমাদেরই তুমি গুছিয়ে রেখেছো ।।

পরিবেশ , তোমার কতো সন্তান ;

তুমিই সবার প্রাণ ।।

পরিবেশ , তুমি থেকো না রুষ্ঠ ;

তুমি আমাদের সকলের আদর্শ।।

পরিবেশ , তুমি দিচ্ছ গরম, দিচ্ছ ঝড়, দিচ্ছ বৃষ্টি

তুমিই যেনো সব কিছুর সৃষ্টি ।।

পরিবেশ , তুমি বহন করছ কতো রহস্য, কত অজানা কথা

তুমি কি দেবে আমায় জানতে তোমার অজানা কথা ।।

পরিবেশ , তুমি আমাদের অনেক কিছু দিয়েছো

তুমি কি কখনো আমাদের কাছে কিছু চেয়েছো ??

পরিবেশ , আজকে তোমাকে নিয়ে সবাই মেতে

তুমি কি এখনও মগ্ন আমাদের ভাবনা তে ।।

পরিবেশ , যদি তুমি আমাদের মত একজন হতে

হয় টো তুমিও তোমাকে ধ্বংস করতে ।।

পরিবেশ , তুমি থেকো তোমার মতো

দেখো আমাদের তোমার সন্তানের মতো ।।

পরিবেশ , তোমার অনেক কৃপা

তুমিই আমাদের সকলের বসুন্ধরা ।।

প্রকৃতির সৌন্দর্য্য

স্বস্তিক মাঝি, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ

প্রকৃতি তোমার অপরূপ শোভায়
আমায় পাগল করে দাও
যেখানেই যাই
তোমাকেই পাই
চারিদিকে সবুজে ভরা
যেন মানুষ পাগল করা
এই সুন্দর ত্রিভুবনে
তুমি আছো আমার মনে প্রাণে
নিঝুম নিশীথ জ্যোৎস্না রাতে
আমি যখন একা থাকি শুয়ে
কল্পনার ভেলায় চড়ে
দূর আকাশে যাই পাড়ি দিতে
সেখানে নেই যে কিছু
আছে শুধু আমার কল্পনায়
আঁকা তোমার ছবি।
তোমার বাঁকা চোখের চাহনি দেখে
আমি মুগ্ধ হয়ে যাই
আমি মুগ্ধ হয়ে যাই।
তোমার রূপের ছটাতে।।

শহরের উষ্ণতা

সৌম্যজীৎ ভট্টাচার্য্য, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ

এ শহর তোমার নয়, ফিরে যাও।
আঙ্গুল কেটে যজ্ঞে রক্ত দিয়ে লাভ নেই
কেউ ফিরবে না, কটা বেঁচে ছিল
পাথর ঘষতে ঘষতে ক্ষয়ে গেছে।

তুমি ফিরে যাও মম তনয়া
এ শহরের উত্তাপে গলে যাবে নাহলে।
ঐ যে পাথর, একটু পরেই গরম হয়ে উঠবে;
রণক্ষেত্রের মত।
ফিরে যাও এই মাটির পথ ধরে।

ওরা সব নিশাচর
পাহাড়ের মত উঠে আসে, জঙ্গল নিয়ে।
জোনাকিরা রক্ত চুষে লাল হয়ে যায়;
পাহাড় জ্বলে ওঠে - মন জ্বলে ওঠে – আগুন শহর!
সব পুড়ে যায়, ছাই হয়ে নেমে আসে; কালো কুয়াশা।

প্রকৃতির প্রতি মানবশিশু

কুনাল কর্মকার, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ

প্রকৃতির মাঝে জন্ম আমার
মৃত্যু চরণতলে,
বিস্তার লাভ করেছি আমি
এই প্রকৃতির কোলে।
প্রকৃতির গুনে পেয়েছি আমি
জীবনের প্রথম আহার,
প্রকৃতির মুক্ত পরিবেশ
প্রথম মুক্তি আমার।

প্রভাতের সেই রৌদ্র থেকে
নিশীথের শীতলতা,
সবকিছুতেই পেয়েছি আমি
প্রকৃতির মধুরতা।
প্রকৃতি দেয় অন্ন বস্ত্র
বাসস্থান সমস্ত,
সেই প্রকৃতির প্রতি আমরা
করি অবহেলা কত!

পরিবেশকে করছি মোরা
নিজ হস্তে বিনষ্ট,
সেইজন্য মানবজীবনে
নেমেছে শত কষ্ট।
নিজ স্বার্থে করেছে মানুষ
পরিবেশকে দূষিত,
সুস্থ নির্মল জীবন তাই
হয়েছে বড়োই তিক্ত।

পরিবেশ নিয়ে লেখা হয়েছে
শত পৃষ্ঠার রচনা,
তৎসত্ত্বেও মানবমনে
জেগে ওঠেনি চেতনা।
যতদিন না মানুষ হবে
প্রকৃত সচেতন,
ততদিন অসুরক্ষিত
থাকবে মানবজীবন।।

"…. শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়

সবুজের অনটন ঘটে…

তাই বলি, গাছ তুলে আনো

বাগানে বসাও আমি দেখি

চোখ তো সবুজ চায় !"

--**শক্তি** চট্টোপাধ্যায়

পৃথিবীর বিপদ

সীমা দাস, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ

প্রকৃতির সংসারে এলো
এ বাজারে দিন দুঃখী,
অদূরে বসে কাঁদছে
এক সুন্দর পৃথিবী।
জল দূষণ বায়ু দূষণের ফলে
পৃথিবীর হচ্ছে ক্ষত।
বৃক্ষরাশি প্রাণীজগৎ
সংকটে বাঁচে তত।
দুর্ভিক্ষ ও মহামারী
হয় নানান দেশে।
খাদ্য খাদ্য করে মানুষ
ঘোরে দ্বারে দ্বারে।
জ্বলন্ত আগ্নেয় লাভা
পৃথিবীর নানা দেশে।
ঘুমন্ত আগ্নেয়গিরি জাগে
দৈত্যবেশে।
পানীয় জলস্তর নামছে
ধীরে ধীরে।
তাই জলসঙ্কট
সমগ্র বিশ্ব জুড়ে।
প্রকৃতির ভারসাম্য
ধীরে ধীরে হচ্ছে নাশ।
মারণ ব্যাধি জীব জগৎকে
ক্রমান্নয়ে করছে গ্রাস।
খাদ্যভান্ডার সেদিন শেষ
হয়ে যাবে
সেই দিন পৃথিবীতে মানুষ
বিদায় জানাবে।
ভয়ঙ্কর আসবে যে দিন
পৃথিবীতে।
লক্ষ কোটি জীবজগৎ
নিশ্চিহ্নের পথে।
পৃথিবীর মহাবিপদ
আসছে দূরে
তাইতো সুন্দর পৃথিবী আজ
কাঁদছে অন্তরে।

যেন এক প্রত্যাশা

রিমি বসাক , স্নাতক ষষ্ঠ অর্ধবর্ষ

অন্তহীন প্রশ্ন মনে, ভাবছো বসে আজ?
ধৈর্য্য ধরো, দশক পরেই সৃষ্টির হবে নাশ।
দগ্ধ তাই আমাজনও, জ্বলছে ভীষণ অনল
ম্যানগ্রোভও যে মৃত্যুপথে, নেয়নি কেহই কুশল।
হিমনদীতে আঁচ উঠেছে, পেংগুইনরা বাস্তুহারা
নোনাজলে ঢেউ জেগেছে, নিমজ্জনে ঘোড়ামারা।
তিস্তাও যে বাঁধ ভেঙ্গেছে, উত্তরে ধায় প্লাবন
দক্ষিণে আজ খরার রোষে হয়নি মাঠে কর্ষণ।

মাটির বুকে দেখছো ক্ষত! আরও চালাও খনন
বৃক্ষ যেন প্রতিপক্ষ, লাগামছাড়া অঙ্গ-চ্ছেদন।
নেশার ঘোরে বায়ুর গতি, টর্নেডো শির নাড়ে
হাঁক দিয়েছে মরুভুমি, থর -এর বিস্তার পূবে।
পাহাড় কেটে ঘর বেঁধেছো, ধসের বেলায় প্রশ্ন তোলো!
ভৌমজলেও গ্রাস টেনেছো, পানীয় জলের দাবি করো!
চারপাশে আজ দূষণ শুধুই - সভ্যতারই ভূষণ
ভাইরাসও যে দিচ্ছে থাবা, হচ্ছে শুধু রক্ত ক্ষরণ।

অবসাদে ভুগছো বুঝি? নস্ট ক'রে প্রকৃতি
উদ্বেগ তায় বাড়ছে জানি, জাগ্রত হও এখনি।
তোমার হাতেই অস্ত্র যে। ধ্বংস চাও, না সৃজন?
পারলে এনো নূতন উষা, নবীন বীজের বপন ।

নদী

সাজিব বিশ্বাস, স্নাতক দ্বিতীয় অর্ধবর্ষ

তপ্ত বালি নদীরে কয়,
একটুখানি থাম;
আমার বুকে ঝরিয়ে যা
তোর রক্তমাখা ঘাম।

নদী বলে, কি লাভ তাতে ?
থেমে যাই আজ যদি;
ঘাম - রক্ত খাবি রে তুই,
থাকবো না আর নদী।

মরুর মাঝে বইছে বেগে
জলের অল্প স্রোত;
ঢেউ এর পাহাড় খেলছে না সেথা
ঘুমায় পর্বত।

সকালবেলা পুব আকাশে
সূর্য যখন ওঠে;
নদীর বুকে কিরণ লেগে
ফুল কত যে ফোটে।

রাতের বেলা দূর আকাশে
চন্দ্র যখন খেলে;
তারার রাশি চুপটি করে
ঘুমায় তাহার কোলে।

কেমন করে মরুর বুকে
ঝরায় তাহার ঘাম;
সেই ঘামেতে'ই মিটবে তৃষ্ণা
গড়বে নতুন গ্রাম।

UNFORGETTABLE HEROES

Sudip Das, UG 4th Semester

Forests, as complex ecosystems, are shaped by a combination of natural processes and human intervention. The creation of a forest cannot be attributed to a single individual or entity, but rather involves the collaborative efforts of various stakeholders. Researchers, policymakers, conservationists, and local communities all play a crucial role in forest development. However, there have been exceptional individuals who have made significant contributions to afforestation, reforestation, and environmental conservation. Their remarkable stories highlight the power of dedication and perseverance in making a positive impact on the environment. We will explore the endeavours of Jadav Payeng, Wangari Maathai, Yacouba Sawadogo, John Evelyn, Richard St. Barbe Baker, Saalumarada Thimmakka, and Deepak Gaur. These individuals have demonstrated the profound difference one person can make in combatting deforestation and promoting sustainable land management practices. Their work continues to inspire individuals and organizations worldwide to protect and restore forests for a greener and more sustainable future.

Jadav Payeng

Jadav Payeng, also known as the "Forest Man," is an environmental activist and forestry worker from the Majuli island in the Brahmaputra River, Assam, India. He is well-known for single-handedly transforming a barren sandbar into a dense forest over several decades.

In the early 1970s, when Payeng was just a teenager, he noticed that the sandbar near his village was eroding due to frequent flooding. Concerned about the loss of land and the impact on the local wildlife, he decided to take action. Payeng started by planting bamboo trees in the area, but he soon realized that a more diverse range of plant species was needed for a sustainable ecosystem.

Over the years, Payeng dedicated himself to the task of planting and nurturing trees on the sandbar. He planted a variety of tree species, including bamboo, ficus, and other indigenous plants. Despite facing initial scepticism and challenges, he continued his efforts for several decades, often working alone.

Payeng's efforts resulted in the creation of a vast forest covering approximately 1,360 acres (550 hectares). The forest, now known as the Molai Forest or the Jadav Payeng Forest, is home to numerous animal species, including elephants, rhinoceroses, tigers, and a variety of birds.

Payeng's work gained international recognition after it was highlighted by journalist Jitu Kalita in 2008. He received several awards and accolades for his exceptional dedication to environmental conservation, including the prestigious Padma Shri award, one of India's highest civilian honours, in 2015.

Jadav Payeng's remarkable story showcases the power of an individual's dedication and perseverance in making a positive impact on the environment. His efforts have not only created a thriving ecosystem but also inspired people around the world to take action and contribute to the preservation of nature.

Wangari Maathai

Wangari Maathai was a renowned environmental and political activist from Kenya. She was the founder of the Green Belt Movement, an organization focused on environmental conservation, community development, and women's rights.

Maathai's work was centred around reforestation efforts and promoting sustainable development practices in Kenya and other parts of Africa. She recognized the importance of trees in mitigating deforestation, soil erosion, and desertification while providing various environmental and socio-economic benefits. Through the Green Belt Movement, Maathai encouraged local communities, especially women, to plant trees and participate in environmental conservation projects.

One of Maathai's most significant achievements was the planting of over 30 million trees across Africa. These trees helped restore degraded ecosystems, combat climate change, and improve the livelihoods of local communities by providing food, fuel, and income-generating opportunities.

In addition to her focus on environmental conservation, Maathai emphasized the intersectionality of environmental issues with social justice and women's empowerment. She believed that addressing environmental challenges required addressing poverty, gender inequality, and political corruption. Maathai advocated for the rights of marginalized communities and women, empowering them through education and economic opportunities.

For her outstanding contributions to environmental conservation and sustainable development, Wangari Maathai received numerous awards, including the Nobel Peace Prize in 2004. She used her platform to raise awareness about environmental issues, promote grassroots activism, and inspire people worldwide to act for a greener and more sustainable future.

Although Wangari Maathai passed away in 2011, her legacy lives on, and her work continues to inspire individuals and organizations to protect the environment, fight for social justice, and promote sustainable development.

Yacouba Sawadogo

Yacouba Sawadogo is a farmer and environmentalist from Burkina Faso, a landlocked country in West Africa. He is known for his innovative techniques in combating desertification and reclaiming barren land through a practice known as "zai."

Sawadogo developed the zai technique during the 1980s when Burkina Faso faced severe droughts and desertification. The zai technique involves digging small holes or pits in the ground and filling them with organic matter such as compost or manure. These pits collect water during the rainy season and prevent runoff, allowing the soil to retain moisture and nutrients.

By using the zai technique, Sawadogo was able to restore degraded land, increase soil fertility, and promote vegetation growth. His work has not only helped improve agricultural productivity but also mitigated the effects of desertification and contributed to water conservation.

Sawadogo's efforts have gained international recognition, and he has been awarded various honours for his contributions to sustainable agriculture and land restoration. His story has been featured in documentaries and films, showcasing his

inspiring work and its impact on the local community and the environment.

Yacouba Sawadogo's innovative approach serves as an example of how individuals can make a significant difference in combating desertification and promoting sustainable land management practices in arid regions.

John Evelyn

John Evelyn (1620-1706) was an English writer, diarist, and gardener who is best

known for his works on environmental conservation and horticulture. He played a significant role in promoting the importance of trees, gardens, and sustainable land management during his time. Here are some of his notable environmental works:

"Sylva, or A Discourse of Forest-Trees and the Propagation of Timber in His Majesty's Dominions" (1664): This is one of Evelyn's most influential works. It highlights the value of trees and forests and provides practical advice on tree planting, timber cultivation, and the benefits of preserving woodland resources.

"Terra: A Philosophical Discourse of Earth" (1675): In this book, Evelyn discusses various aspects of land management and environmental sustainability. He explores topics such as soil fertility, crop rotation, and the impact of human activities on the Earth.

"Fumifugium: Or, The Inconvenience of the Aer and Smoak of London Dissipated" (1661): This work addresses the severe air pollution caused by coal-burning in London. Evelyn proposes solutions to improve air quality, including the use of alternative fuel sources and the planting of trees to absorb pollutants.

"The Compleat Gard'ner" (1699): This comprehensive gardening manual covers a wide range of topics related to horticulture, including plant selection, garden design, and cultivation techniques. It emphasizes the importance of gardens in enhancing the beauty of the environment.

